গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.১৬৪.২০২০ - ৮৫২ তারিখ: ২৬/০১/২০২০

বিষয়: মাধ্যমিক কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং সবার জন্য জেন্ডার সমতা নিয়ে নির্মিত শাহানা কার্টুনের নির্বাচিত এপিসোড শ্রেণিকক্ষে ব্যবহার প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.১৬৪.২০২০-৮৪৮, তারিখ: ০৯/০১/২০২০
(গত ১২/০১/২০২০ তারিখে মাউশি ওয়েবসাইটে প্রদর্শিত, লিঙ্ক: www.dshe.gov.bd/)

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউএনএফপিএ নির্মিত 'শাহানা' কার্টুনের বিষয়বস্তু হলো বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং সবার জন্য জেন্ডার সমতা। সংযুক্ত পাঠপরিকল্পনা ও গাইডলাইন অনুযায়ী 'শাহানা' কার্টুন ৬ষ্ঠ-৯ম/১০ম শ্রেণির জাতীয় কারিকুলামের সহায়ক শিক্ষা উপকরণ হিসেবে দেশের সকল মাধ্যমিক বিদ্যালয়ে ব্যবহার করা হবে।

**শ্রেণিকক্ষে শাহানা কার্টুন ব্যবহারের নির্দেশনা:**

লক্ষ্য: জাতির উন্নয়ন ও সমৃদ্ধির জন্য কিশোর-কিশোরীরা গুরুত্বপূর্ণ সম্পদ। কিশোর-কিশোরীদের একটি বড় অংশ শিক্ষার্থী যারা অতিক্রম করছে বাল্য ও যৌবনের অন্তর্বর্তী বয়ঃসন্ধিকাল। বয়ঃসন্ধিকাল মানব জীবনের অতি গুরুত্বপূর্ণ এক অধ্যায়। এ সময়ে দ্রুত শারীরিক ও মানসিক পরিবর্তন ঘটে যা তাকে পুর্ণাঙ্গ মানুষে পরিণত করে। প্রাপ্তবয়স্ক হয়ে ওঠার পাশাপাশি দায়িত্বশীল নাগরিক হিসেবে প্রকৃত মানব সম্পদে পরিণত হওয়ার জন্য কিশোর-কিশোরীদের প্রয়োজন পূর্ব প্রস্তুতির। তাদের শরীর ও মনের সুস্থ ও স্বাভাবিক বিকাশের বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিতে হবে, যাতে তারা এই উঠতি বয়সে শরীর ও জীবন সম্পর্কে কোন ভ্রান্ত ধারণা বা তথ্যা নিয়ে নিজেরা সমস্যায় না পড়ে কিংবা অন্যদের সমস্যার কারণ না হয়। সুষ্ঠু ও সুন্দরভাবে বেড়ে উঠার জন্য কিশোর-কিশোরীদের মাঝে জেন্ডার সমতার মূল্যবোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার সম্পর্কে ধারণা অত্যন্ত জরুরি। মাধ্যমিক পর্যায়ের কারিকুলামে আলোচ্য বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে।

শাহানা কার্টুন পরিচিতি: শিক্ষার্থীদের মাঝে জেন্ডার সমতা, বাল্যবিবাহ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, যৌন নির্যাতন প্রভৃতি বিষয়ে সহজবোধ্য তথ্য সরবরাহের লক্ষ্য নিয়ে ইউএনএফপিএ কর্তৃক নির্মিত হয়েছে **শাহানা কার্টুন**। বয়ঃসন্ধিকালীন শারীরিক ও মানসিক পরিবর্তন, যৌন হয়রানি, বাল্যবিবাহের কুফল, নারীর ক্ষমতায়ন প্রভৃতি বিষয় অত্যন্ত সাবলীলভাবে ফুটিয়ে তোলা হয়েছে শাহানা কার্টুনের বিভিন্ন পর্বের মাধ্যমে। ১৭ বছর বয়সী শাহানা তার বন্ধুদের সাহায্যে সামাজিক আন্দোলনের মাধ্যমে বিদ্যমান সমস্যা চিহ্নিত করে তা থেকে উত্তোরণের পথ খোঁজার চেষ্টা করে। তাদের প্রতিষ্ঠিত কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে বয়ঃসন্ধিকালীন নানা সমস্যা মোকাবেলার পরামর্শও প্রদান করা হয়। তাদের সাথে থাকে এলাকার গণ্যমান্য ব্যক্তি, অভিভাবক, স্বাস্থ্যকর্মী ও গ্রামের সাধারণ মানুষ।

বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং জেন্ডার সমতা বিষয়ক তথ্য কার্যকরভাবে কিশোর-কিশোরীদের মাঝে প্রদানের লক্ষ্যে **'শাহানা' কার্টুনের নির্বাচিত পর্বসমূহ (পর্ব-১,২,৩,৪,৫ ও ১০)** সংযুক্ত পাঠপরিকল্পনা ও নির্দেশনা অনুযায়ী সকল মাধ্যমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ-৯ম/১০ম শ্রেণির সংশ্লিষ্ট অধ্যায়ের সাথে ব্যবহারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত জেলা শিক্ষা অফিসারদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১. পাঠপরিকল্পনা
২. শ্রেণিকক্ষে শাহানা কার্টুন ব্যবহারের নির্দেশিকা

২৬/১/২০২০

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন-অ.দা.)
ফোন: ০২-৯৫৫৩৫৪২

আঞ্চলিক পরিচালক
সকল অঞ্চল

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
০৩) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (a2i)
০৪) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
০৫) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ......................................অঞ্চল
০৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭) জেলা শিক্ষা অফিসার,...................................জেলা (সকল শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশিকা অনুযায়ী সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)
০৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................................................................................(সুষ্ঠুভাবে বাস্তবায়নের অনুরোধসহ)
০৯) থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,......................................... থানা/উপজেলা (সকল শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশিকা অনুযায়ী সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)
১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
১১) সংরক্ষণ নথি

সংযুক্তি-

## শাহানা কার্টুন ব্যবহারের পাঠ পরিকল্পনা

| ক্রমিক | বিষয়বস্তু | সময় |
|---|---|---|
| ১ | **কুশল বিনিময়**<br>শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময়ের পর জানতে চাইবেন তারা আজ কোনো ভিডিও দেখতে আগ্রহী কিনা। শিক্ষক ভিডিওর বিষয়বস্তু সম্পর্কে ভিডিও দেখানোর পূর্বে কোনো ধারণা প্রদান করবেন না। | ৩-৫ মিনিট |
| ২ | **ভিডিও প্রদর্শন**<br>শিক্ষক যে ভিডিওটি দেখাবেন তা পূর্ব থেকে কম্পিউটারে বের করে রাখবেন। ভিডিও প্রদর্শনের প্রয়োজনীয় পরিবেশ তৈরী করবেন। ভিডিও চলাকালীন শিক্ষক কোনো মন্তব্য করবেন না। | ১০-১৫ মিনিট |
| ৩ | **দলীয় কাজ**<br>ভিডিও উপস্থাপন শেষ হলে শিক্ষার্থীদের দলীয় কাজ করতে দেবেন। পরপর ২টি বেঞ্চ মিলে একটি করে দল গঠন করা হবে। প্রথম বেঞ্চের শিক্ষার্থীরা ঘুরে বসে দ্বিতীয় বেঞ্চের শিক্ষার্থীদের মুখোমুখি হয়ে দলীয় কাজের জন্য প্রস্তুত হবেন। দলীয় কাজের জন্য নিচের প্রশ্নগুলো ব্যবহার করবেন।<br>• ভিডিওর মূল বিষয়বস্তু কী?<br>• বিষয়বস্তুর আলোকে ভিডিওতে কী কী উদাহরণ দেওয়া হয়েছে?<br>• বিষয়বস্তুর আলোকে ভিডিওতে দেখানো হয়নি এমন কোনো অভিজ্ঞতা তাদের আছে কিনা বা অন্য কোনো বিষয়ে শিক্ষার্থীরা জানে কিনা?<br>• ভিডিওতে সমস্যার সমাধান কিভাবে করা হয়েছে?<br>• স্থানীয় অবস্থা বিবেচনা করে আর কী কী সমাধান হতে পারে? | ১০ মিনিট |
| ৪ | **দলীয় কাজ উপস্থাপন**<br>প্রতিটি দল থেকে একজন দলীয় কাজ উপস্থাপন করবেন। দলের কাজ উপস্থাপনের পর অন্য দল প্রশ্ন বা মন্তব্য করার সুযোগ পাবেন। প্রশ্নের উত্তর সঠিক না হলে শিক্ষক সঠিক উত্তর বের করতে সহায়তা করবেন।<br>সব দলীয় উপস্থাপন শেষ হলে শিক্ষার্থীদের আর কোনো প্রশ্ন আছে কিনা তা জিজ্ঞেস করবেন এবং উত্তর পেতে সহায়তা করবেন। | ১০ মিনিট |
| ৫ | **সারসংক্ষেপ উপস্থাপন**<br>শিক্ষার্থীদের দলীয় কাজ ও প্রশ্নোত্তর পর্ব শেষ হলে শিক্ষক ভিডিওর বিষয়বস্তু নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবেন। ভিডিওর বিষয় সংশ্লিষ্ট কোনো গুরুত্বপূর্ণ বিষয় বাদ পড়লে তা আলোচনা করবেন। ভিডিওটি পাঠ্যপুস্তকের কোন পাঠের সাথে সংশ্লিষ্ট তা শিক্ষার্থীদের জানাবেন ও পাঠের বিষয়বস্তু আলোচনা করবেন। | ৫-১০ মিনিট |

শাহানা কার্টুন পাওয়ার তথ্য:

- শাহানা কার্টুনের সিডি সকল মাধ্যমিক বিদ্যালয়ে সরবরাহ করা হবে।
- কিশোর বাতায়নের লিঙ্ক: http://konnect.edu.bd/films?search=Shahana
- ইউটিউবে প্রাপ্তির জন্য search অপশনে লিখতে হবে: shahana cartoon in bangla
  https://www.youtube.com/results?search_query=shahana+cartoon+in+bangla

# শ্রেণিকক্ষে শাহানা কার্টুন ব্যবহারের নির্দেশিকা

| শ্রেণি | বিষয় | পাঠ্যপুস্তক অধ্যায় | শিখনফল | শিখন পদ্ধতি | মূল্যায়ন |
|---|---|---|---|---|---|
| শাহানা কার্টুন: পর্ব-৪: নতুন অনুভূতি নতুন চিন্তা<br>বিষয়বস্তু: বয়ঃসন্ধিকালের শারীরিক পরিবর্তন, ব্যক্তিগত পরিচ্ছন্নতা | | | | | |
| ষষ্ঠ | শারীরিক শিক্ষা | চতুর্থ: আমাদের জীবনে বয়ঃসন্ধিকাল<br>পৃষ্ঠা: ৪২-৫২ | • বয়ঃসন্ধিকালের শারীরিক ও মানসিক পরিবর্তনের দিকগুলো ব্যাখ্যা করতে পারবে;<br>• শারীরিক ও মানসিক পরিবর্তনের সময় নির্ধারণ করতে পারবে;<br>• মাসিকের সময় পরিচ্ছন্নতার ধারণা ব্যাখ্যা করতে পারবে; | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |
| শাহানা কার্টুন: পর্ব-১০: মজার খেলা<br>বিষয়বস্তু: বয়ঃসন্ধিকালের শারীরিক পরিবর্তন, স্বপ্নদোষ, ভ্রান্তধারণা | | | | | |
| ষষ্ঠ | শারীরিক শিক্ষা | চতুর্থ: আমাদের জীবনে বয়ঃসন্ধিকাল<br>পৃষ্ঠা: ৪২-৫২ | • বয়ঃসন্ধিকালের ছেলেদের শারীরিক ও মানসিক পরিবর্তনের দিকগুলো ব্যাখ্যা করতে পারবে;<br>• শারীরিক ও মানসিক পরিবর্তনের সময় নির্ধারণ করতে পারবে;<br>• বয়ঃসন্ধিকালের পরিবর্তন সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণাসমূহ উল্লেখ করতে পারবে। | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |
| শাহানা কার্টুন: পর্ব-১: শাহানা ও তার সাথীরা<br>বিষয়বস্তু: বাল্যবিবাহ, ২০ বছরের আগে সন্তান জন্মদানে স্বাস্থ্যগত জটিলতা, বাল্যবিবাহ প্রতিরোধ ও আইনি সহায়তা | | | | | |
| সপ্তম | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | একাদশ: বাংলাদেশের সামাজিক সমস্যা<br>পৃষ্ঠা: ৯৯-১০০<br>পাঠ-৪,৫ | • বাংলাদেশের সামাজিক সমস্যা হিসেবে যৌতুক ও বাল্যবিবাহের ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>• বাল্যবিবাহের কারণ ও প্রভাব বিশ্লেষণ করতে পারবে;<br>• বাল্যবিবাহের কুফল ব্যাখ্যা করতে পারবে;<br>• যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ ও সমাধানে সামাজিক আন্দোলনের পদক্ষেপ বর্ণনা করতে পারবে। | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |

সংযুক্তি-

| শ্রেণি | বিষয় | পাঠ্যপুস্তক অধ্যায় | শিখনফল | শিখন পদ্ধতি | মূল্যায়ন |
|---|---|---|---|---|---|
| শাহানা কার্টুন: পর্ব-৩: সঠিক সময়ে সঠিক যত্ন<br>বিষয়বস্তু: অপরিণত বয়সে গর্ভধারণ, কন্যাশিশুর যত্ন, বাল্যবিবাহ, স্বাস্থ্যগত ঝুঁকি, প্রসব পরবর্তী ফিস্টুলা | | | | | |
| অষ্টম | শারীরিক শিক্ষা | চতুর্থ: আমাদের জীবনে প্রজননস্বাস্থ্য পৃষ্ঠা: ৩৬-৩৯ | • অপরিণত বয়সে গর্ভধারণের ঝুঁকি সম্পর্কে ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>• অপরিণত বয়সে গর্ভধারণের ফলাফল বিশ্লেষণ করতে পারবে | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |
| শাহানা কার্টুন: পর্ব-৫: আমরাও পারি<br>বিষয়বস্তু: আত্মনির্ভরশীলতা, নারীর পেশাগত বৈচিত্র | | | | | |
| নবম-দশম | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | পঞ্চদশ: বাংলাদেশের সামাজিক পরিবর্তন পৃষ্ঠা: ২১২-২১৩ | • সামাজিক পরিবর্তনের গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বাংলাদেশে নারীর ভূমিকার পরিবর্তন ব্যাখ্যা করতে পারবে;<br>• বয়ঃসন্ধিকালের ভুল সিদ্ধান্ত সম্পর্কে ধারণা লাভ করতে পারবে;<br>• পেশাগত বৈচিত্রের ধারণা ব্যাখ্যা করতে পারবে। | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |
| শাহানা কার্টুন: পর্ব-২: আমরাই রুখবো<br>বিষয়বস্তু: যৌন হয়রানি, নারী নির্যাতন/শারীরিক নির্যাতন, যৌতুক ও বাল্যবিবাহ | | | | | |
| নবম-দশম | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | ষষ্ঠদশ: বাংলাদেশের সামাজিক সমস্যা ও প্রতিকার পৃষ্ঠা: ২১৯-২২৩ | • নারীর প্রতি সহিংসতা- ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>• বাংলাদেশে নারীর প্রতি সহিংসতার ধরন ও কারণ ব্যাখ্যা করতে পারবে;<br>• বাংলাদেশে নারীর প্রতি সহিংসতার প্রভাব বিশ্লেষণ করতে পারবে;<br>• বাংলাদেশে নারীর প্রতি সহিংসতারোধে আইনের বিষয়বস্তু ও শাস্তি ব্যাখ্যা করতে পারবে;<br>• বাংলাদেশে নারীর প্রতি সহিংসতারোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার উপায় ব্যাখ্যা করতে পারবে। | • ভিডিও উপস্থাপনা<br>কিশোর বাতায়নের লিংক: http://konnect.edu.bd/films?search=Shahana<br>• প্রশ্নোত্তর ও আলোচনা<br>• দলীয় কাজ উপস্থাপনা<br>• অভিজ্ঞতা বিনিময় | দলীয় কাজ, প্রশ্নোত্তর ও কুইজ |